তারিখ: ০৮-০৬-২০২৬ খ্রি

বরাবর
উপপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
বিষয়: বহি:বাংলাদেশ ছুটি শেষে কর্মস্থলে যোগদান প্রসঙ্গে।

মহোদয়,
যথাবিহিত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী ইসরাত জাহান জেনী, কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, নেত্রকোনায় কর্মরত আছি। আমি গত ১৫ মে ২০২৫ তারিখের ১২,০০,০০০০,০৮৬.০৫.০০২.২৩-৫৪ নম্বর স্মারকে ১৫/০৬/২০২৫ খ্রি. হতে ১৪/০৭/২০২৫ খ্রি. পর্যন্ত ৩০ (ত্রিশ) দিনের বহি:বাংলাদেশ অর্জিত ছুটি ভোগের জন্য যুক্তরাষ্ট্রে গমন করি (কপি সংযুক্ত)। অতঃপর সেখানে যেয়ে অসুস্থতাজনিত কারণে ডাক্তারের পরামর্শ অনুযায়ী বহিঃবাংলাদেশ ছুটি বৃদ্ধির জন্য আমেরিকান দূতাবাসের মাধ্যমে ছুটি বৃদ্ধির জন্য আবেদন করেছিলাম (কপি সংযুক্ত)। বর্তমানে চিকিৎসা কার্যক্রম সম্পন্ন করে আমি বাংলাদেশে প্রত্যাবর্তন করেছি এবং অদ্য ০৮/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ পূর্বাহ্নে আমার কর্মস্থলে যোগদান করছি। এমতাবস্থায়, আমার অনুপস্থিতিকাল ১৫/০৭/২০২৫ খ্রিষ্টাব্দ হতে ০৭/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ পর্যন্ত সময়ের জন্য ভূতাপেক্ষভাবে বহি:বাংলাদেশ ছুটি মঞ্জুরপূর্বক গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। একই সঙ্গে, বিধি মোতাবেক আমার বেতন-ভাতা ও অন্যান্য প্রাপ্য আর্থিক সুবিধাদি চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ করছি।
অতএব, মহোদয়ের সদয় বিবেচনার জন্য আমার কর্মস্থলে যোগদানপত্র গ্রহণপূর্বক বেতন-ভাতা চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত আবেদন জানাচ্ছি।

নিবেদক
স্বাক্ষরিত ০৮-০৬-২০২৬/-
ইসরাত জাহান জেনী
কৃষি বিপণন কর্মকর্তা
কৃষি বিপণন অধিদপ্তর, নেত্রকোনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dam.gov.bd

স্মারক নম্বর-১২.০২.০০০০.০০২.৩১.৪৭৯.২৪. ৩১২

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
৩. উপপরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা;
৪. উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ;
৫. প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি বিপণন অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, নেত্রকোনা;
৭. মিজ ইসরাত জাহান জেনী, কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, নেত্রকোনা;
৮. মহাপরিচালকের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর;
৯. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নেত্রকোনা;
১০. হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, কৃষি বিপণন অধিদপ্তর;
১১. অফিস কপি।

৩০/০৬/২৬
মোঃ মেহেদী হাসান
সহকারী পরিচালক (প্রশাসন)
কৃষি বিপণন অধিদপ্তর